

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৯২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৪৫]

৩৫। শিকার ও যাবাহকৃত জন্ত এবং যেসব পশুর গোশত খাওয়া হালাল (الحيوان)

পরিচ্ছেদঃ ৭. দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) এর গোশত হালাল

باب إِبَاحَةِ الضَّبّ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِكِ عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي أُمَامَةَ، بْنِ سَهْلِ بْنِ حَنَيْفٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، قَالَ دَخَلْتُ أَنَا وَخَالِدُ بْنُ الْوَلِيدِ، مَعَ رَسُولِ اللَّهِ صلى الله صلى الله عليه وسلم بَيْتَ مَيْمُونَة فَأْتِيَ بِضَبٍ مَحْنُوذٍ فَأَهْوَى إِلَيْهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِيدِهِ فَقَالَ بَعْضُ النِسْوَةِ اللاَّتِي فِي بَيْتِ مَيْمُونَةَ أَحْبِرُوا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ الله عليه وسلم يَدَهُ فَقُلْتُ أَحْرَامٌ هُوَ يَا رَسُولَ اللّهِ قَالَ " لاَ وَلَكِنَّهُ لَمْ يَكُنْ بِأَرْضِ قَوْمِي فَأَجِدُنِي أَعَافُهُ " قَالَ خَالِدٌ فَاجْتَرَرْتُهُ فَأَكُلُهُ وَرَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَذهُ أَقَلْتُ خَالِدٌ فَاجْدَرُنِي أَعَافُهُ " قَالَ خَالِدٌ فَاجْتَرَرْتُهُ فَأَكُلْتُهُ وَرَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَنْظُرُ .

বাংলা

৪৯২৮-(৪৩/১৯৪৫) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং খালিদ ইবনু ওয়ালীদ (রাযিঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মাইমূনাহ (রাযিঃ) এর নিকট গোলাম। তখন ভুনা দব্ব (অনেকটা গুইসাপের মত দেখতে) পরিবেশন করা হলো। রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তা নেয়ার জন্য হাত বাড়ালেন। তখন মাইমূনাহ্ (রাযিঃ) এর বাড়িতে উপস্থিত জনৈক মহিলা বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম যা খেতে চাইছেন সে সম্বন্ধে তোমরা তাকে জানাও। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (খাবার থেকে) তার হাত তুলে নিলেন। আমি বললাম, হে আল্লাহর রসূল! এটা কি হারাম? তিনি বললেন, না। যেহেতু এটা আমাদের এলাকার প্রাণী নয়, তাই আমি তা অপছন্দ করি।

খালিদ (রাযিঃ) বলেন, এরপর আমি তা টেনে নিয়ে খেলাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দৃশ্য দেখছিলেন। (ইসলামিক ফাউন্ডেশন ৪৮৭৭, ইসলামিক সেন্টার ৪৮৭৮)



English

'Abdullah b. 'Abbas reported:

I and Khalid b. Walid went to the apartment of Maimuna along with Allah's Messenger (ﷺ), and there was presented to him a roasted lizard. Allah's Messenger (ﷺ) stretched his hand towards It, whereupon some of the women who had been in the house of Maimuna said: Inform Allah's Messenger (ﷺ) what he intends to eat. Allah's Messenger (ﷺ) lifted his hand. I said: Messenger of Allah, Is it forbidden? He said: No. It is not found in the land of my people, and I feel that I have no liking for it. Khalid said: I then chewed and ate it, while, Allah's Messenger (ﷺ) was looking (at me).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন